

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৩(আগরতলা ৬।১)

ধর্মনগর, ৬ জানুয়ারি, ২০২৪

উত্তর ত্রিপুরা জেলায় মোট ভোটার ৩,৩২,১০২ জন

সারা রাজ্যের সাথে উত্তর ত্রিপুরা জেলাতেও গতকাল চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। ১ জানুয়ারি, ২০২৪ কে ভিত্তি বছর ধরে বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর পর উত্তর ত্রিপুরা জেলার ৭টি বিধানসভা কেন্দ্রে মোট ভোটার রয়েছেন ৩ লক্ষ ৩২ হাজার ১০২ জন। মোট ভোট কেন্দ্র রয়েছে ৩৭২টি। মোট পুরুষ ভোটার রয়েছে ১,৬৬,৮৮২ জন, মহিলা ভোটার ১,৬৫,২১৮ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ২ জন। গতকাল উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত সর্বদলীয় সভায় চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করে একথা বলেন জেলার জেলাশাসক ও সমাহৰ্তা দেবপ্রিয় বর্ধন। তিনি আরও জানান, চূড়ান্ত ভোটার তালিকায় সার্ভিস ভোটার রয়েছেন ৭৯৯ জন। তাছাড়াও বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর পর তালিকায় মোট ৪,৮৮৯ জন নতুন ভোটারের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। সভায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।
